

উপজেলা পরিষদ কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০৪১.২১-২০৬

তারিখ : ২৯ মার্চ, ২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ২৮ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০১৬.২০১৬-১৪৭ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত স্টাট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এর ০১(একটি) টি পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে এ অফিসের ১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০৪১.২০- ১৭০ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যথারীতি প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। নিয়োগ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে কারো স্টাটলিপি জ্ঞান না থাকার কারণে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারীকৃত উপজেলা পরিষদ কর্মচারী(চাকুরী) বিধিমালা, ২০১০ (এস,আর,ও নং ৩৮৭-আইন/২০১০) এর ৭ ধারা অনুযায়ী গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২১ মাসের সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং নিয়োগের জন্য সুপারিশকৃত ব্যক্তির স্টাটমুদ্রাক্ষরিক জ্ঞান না থাকার কারণে তাকে নিয়োগ না করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিতাবস্থায়, নিয়োগ বাছাই কমিটির সুপারিশ উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত না হওয়ার কারণে এ অফিসের ১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০৪১.২০-১৭০ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যাবতীয় কার্যক্রম বাতিল করা হলো।



শুভাশিস ঘোষ

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০৪১.২১- ২০৬/১(৫০)

তারিখ : ২৯ মার্চ, ২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে।

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ০৩। জেলাপ্রশাসক, কুমিল্লা।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৬। উপজেলা----- অফিসার(সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৭। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন ভূমি অফিস (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ বিজ্ঞপ্তি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১১। জনাব ..... , কুমিল্লা ( প্রার্থী সকল)।
- ১২। সংরক্ষণ নথি।



শুভাশিস ঘোষ

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা